গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা
www.emrd.gov.bd

Bangladesh

নং-২ .০০.০০০০.০১১.০৬.০০১.২১.৩২

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৯
১৯ সেপ্টেম্বর ২০২২

**বিষয়: মাসিকভিত্তিতে সিসমিক জরিপ সংক্রান্ত মনিটরিং কমিটির আগস্ট, ২০২২ মাসের প্রতিবেদন প্রেরণ।**

২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসিকভিত্তিতে সিসমিক জরিপ সংক্রান্ত মনিটরিং কমিটির আগস্ট, ২০২২ মাসের প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: আগস্ট ২০২২ মাসের প্রতিবেদন।

১৯/০৯/২০২২
মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
ফোন: ৯৫৮৪৮৮৯
ইমেইল: programmer@emrd.gov.bd

সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

[দৃ: আ: উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ]

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৫) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৬) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
৭) প্রকল্প পরিচালক, 2D Seismic Survey Over Block 15 & 22 প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৮) মহাব্যবস্থাপক (অনুসন্ধান ও সমীক্ষা প্রকল্প), অনুসন্ধান ও সমীক্ষা প্রকল্প বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৯) উপ-মহাব্যবস্থাপক (ভিজিলেন্স), ভিজিলেন্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
১০) মহাব্যবস্থাপক, ভূতাত্ত্বিক বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
১১) মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস), টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
১২) মহাব্যবস্থাপক (পিএন্ডডি) (চলতি দায়িত্ব), পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
১৩) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর (প্রশাসন) ও এপিএ টীম লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোঃ মাফরুল আলম

**বিষয়: মাসিক ভিত্তিতে সিসমিক জরিপ কার্যক্রম মনিটরিং প্রতিবেদন (আগস্ট ২০২২)**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মসম্পাদন সূচক ২.১.১ ও ২.১.২ এ ১০০০ লাইন কিলোমিটার ২ডি সিসমিক ও ৭০ বর্গ কিলোমিটর ৩ডি সিসমিক জরিপ কার্যক্রম অন্তর্ভুক্ত আছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রশাসন-২ অধিশাখার ২৫-০৭-২০২২ তারিখের অফিস আদেশ নম্বর-২৮.০০. ০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬-এর মাধ্যমে ২০২২-২০২৩ অর্থবছরের সিসমিক জরিপ সূচকটি মনিটরিং করার জন্য টিম গঠন করা হয়েছে। কমিটির কর্মপরিধি অনুযায়ী কমিটি প্রতি মাসে অন্তত একটিসহ ২০২২-২৩ অর্থবছরে ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং বর্ণিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে। এ প্রেক্ষিতে কমিটি গত ৩১-০৮-২০২২ তারিখ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা এবং সংশ্লিষ্ট কোম্পানিসমূহের সাথে অনলাইন সভায় মিলিত হয় এবং চলমান সিসমিক কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করে মনিটরিং পরিকল্পনা গ্রহণ করে।

**বাস্তবায়ন অগ্রগতি:**


**২.১। ২-ডি সিসমিক জরিপ:**

২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ১৫ এবং ২২ প্রকল্পের আওতায় চলতি ২০২২-২৩ মাঠ মৌসুমে ১১০৬ লাইন কি.মি. (বাপেক্স ৪০০ লাইন কি.মি.; সাইসমিক সার্ভিস প্রোভাইডার, সিনোপেক, চায়না ৭০৬ লাইন কি.মি.) উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ করা হবে। উপাত্ত সংগ্রহ কাজের ১ম ধাপ অনুযায়ী অনুসন্ধান ব্লক ১৫ এর অগভীর সমুদ্র অঞ্চলের সন্দ্বীপ, ভাসানচর, স্বর্ণদ্বীপ, উড়িরচর, ফেনী ও নোয়াখালী জেলার উপকূলীয় অঞ্চলে Reconnaissance Survey এর কাজ শুরু করা হয়েছে। ২০২১-২২ মাঠ মৌসুমে ব্লক ১৫ ও ২২ এ সংগৃহীত ১৮৯৪ লাইন কি.মি. উপাত্ত বিশ্লেষণ ও রিসোর্স নিরূপণের কাজ করা হচ্ছে। এছাড়াও, ব্লক ৬বি সাউথ এবং ১০ প্রকল্পের আওতায় অনুসন্ধান ব্লক ০৬বি সাউথ ও ১০-এ বাপেক্সের নিজস্ব সাইসমিক ক্রু দ্বারা ২৩৫২ লাইন কি. মি. এবং বৈদেশিক সাইসমিক ক্রু দ্বারা ৮৬৮ লাইন কি. মি. সহ সর্বমোট ৩২২০ লাইন কি.মি. ২ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং বিশ্লেষণ কাজ সম্পন্ন করা হবে।

**২.২। ৩ডি সিসমিক জরিপ:**

২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বাপেক্স কর্তৃক ২০০ বর্গ কিলোমিটার ৩ডি সিসমিক জরিপ কার্যক্রম পরিচালিত হবে। এপিএ-র আওতায় জকিগঞ্জ এবং পাথারিয়া স্ট্রাকচারে ৩ডি সিসমিক কার্যক্রম আগামী নভেম্বর ২০২২ মাসে শুরু হবে। জকিগঞ্জ এবং পাথারিয়া স্ট্রাকচারে ৩ডি সিসমিক প্রকল্পের ইতঃপূর্বে বিভিন্ন প্রকল্পে ব্যবহৃত কিছু যন্ত্রপাতি ব্যবহার করা হবে; যেগুলোর মেরামতের কাজ চলমান রয়েছে। এছাড়াও আগামী নভেম্বর, ২০২২ মাসে ৩ডি সিসমিক কার্যক্রম শুরুর লক্ষ্যে আনুষঙ্গিক কার্যক্রম চলমান রয়েছে। সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড কর্তৃক বিয়ানিবাজার গ্যাসক্ষেত্রে ১৯১ বর্গ কিলোমিটার ৩-ডি সিসমিক কার্যক্রম ডিসেম্বর ২০২৩ পর্যন্ত মাসের মধ্যে সম্পন্ন হবে। এ কাজের জন্য ইতোমধ্যে স্থানীয় পরামর্শক নিয়োগ দেওয়া হয়েছে এবং মূল কার্য সম্পাদনের জন্য BGP Inc., China National Petroleum Corporation, China-এর সাথে গত ১৫-০৬-২০২২ তারিখে এসজিএফএল-এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ফিল্ড সার্ভের মাধ্যমে ৩ডি সাইসমিক জরিপের প্রাথমিক ফিল্ড ডিজাইন করা হয়েছে। সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড কর্তৃক অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৮৬৫ বর্গ কিলোমিটার ৩ডি সিসমিক ডাটা অ্যাকুইজিশন কাজ পরিচালনার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সরঞ্জাম আমদানি করা হয়েছে। আগামী অক্টোবর মাসে ডাটা অ্যাকুইজিশনের কাজ শুরু হবে। এছাড়াও বিস্ফোরক ও ডেটোনেটর মজুদের জন্য সাইট প্রস্তুত করা হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গঠিত মনিটরিং টিম শীঘ্রই এ সকল সাইট ভিজিট করবে।

৩.০ ব্লক ১৫ এবং ব্লক ২২-এর সিসিমিক অ্যাকুইজিশন এলাকার স্থির চিত্র



**৪.০ কমিটির মন্তব্য/সুপারিশ:**

| ক্রম | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৪.১ | ২০২২-২৩ অর্থবছরে প্রতিটি প্রকল্পের অধীনে গ্রহীত কার্যক্রমের তালিকা কমিটির নিকট প্রেরণ করতে হবে এবং সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে; | বাপেক্স, বিজিএফসিএল, এসজিএফএল এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৪.২ | বাপেক্স, বিজিএফসিএল এবং এসজিএফএল তাদের ২ডি ও ৩ডি সাইসমিক সার্ভে সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি মাসিক ভিত্তিতে পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করবে; | বাপেক্স, বিজিএফসিএল, এসজিএফএল, সাইসমিক জরিপ মনিটরিং টিম |
| ৪.৩ | অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৮৬৫ বর্গ কিলোমিটার ৩ডি সিসমিক-এর জন্য বিস্ফোরক ও ডেটোনেটর অস্থায়ী মজুদের স্থানে স্থানান্তর হলে সিসমিক কার্যক্রম মনিটরিং টিম সরেজমিনে পরিদর্শন করবে; | এসজিএফএল, পেট্রোবাংলা এবং সাইসমিক জরিপ মনিটরিং টিম |

| | | |
|---|---|---|
| ৪.৪ | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাইসমিক জরিপ সংশ্লিষ্ট কার্যক্রমের পাঠানো সর্বশেষ অগ্রগতির সারমর্ম পরবর্তী সভার প্রাক্কালে উপস্থাপন করতে হবে। | সদস্য-সচিব এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

মোহাম্মদ রবিউল আউয়াল খান
ব্যবস্থাপক, পেট্রোবাংলা
ও
সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
এবং
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

এম নাসিমুল আলীম
উপমহাব্যবস্থাপক
পেট্রোবাংলা
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

দিলওয়ারা আলো
উপসচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
এবং
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
এবং
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি